যুগান্তর

তারিখ 23 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৮

# ঢাবির ছাত্রী হলে শিক্ষার্থীকে মারধর ছাত্রলীগের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে এক ছাত্রীকে মারধর করেছে হল শাখা ছাত্রলীগের এক গ্রুপের নেতাকর্মীরা। রোববার রাত সাড়ে ১০টার দিকে হলের ২৪১ নম্বর গণরুমে এ ঘটনা ঘটে। ১৫-২০ মিনিট নির্যাতন শেষে ওই ছাত্রীকে ছেড়ে দেয় ছাত্রলীগ নেত্রীরা। মারধরের শিকার ওই ছাত্রী দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, হল ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক জেসমিন শান্তা, আইনুন রিপা, ইশরাত জাহান মুন, সাংগঠনিক সম্পাদক নিপো তন্নী, বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের ছাত্রবিষয়ক উপসম্পাদক আয়েশা সুমি, সহসম্পাদক আফরোজা আক্তার জুলির নেতৃত্বে এ মারধরের ঘটনা ঘটে।

মারধরের শিকার ছাত্রী কান্নাজড়িত কণ্ঠে যুগান্তরকে জানান, হলের নিচতলায় অফিসের পাশে ওয়াই-ফাই জোনে ইন্টারনেট ব্রাউজিং করছিলেন তিনি। এ সময় তারই ব্যাচের তিন ছাত্রলীগকর্মী এসে 'সিনিয়রদের সঙ্গে বেয়াদবি করেছে'— এমন অভিযোগে তাকে হলের রাজনৈতিক গণরুমে ডেকে নিয়ে যায়। তাদের সঙ্গে যেতে না চাইলে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দুই নেত্রী সুমি ও জুলি এসে চুলের মুঠি ধরে টেনেহিঁচড়ে তাকে দোতলার গণরুমে নিয়ে যায়। এ সময় তার ব্যবহৃত মুঠোফোনটি কেড়ে নেয়া হয়। গণরুমে শান্তাসহ অন্য নেত্রীরা তাকে মারধর করে এবং হলের জুনিয়রদের সামনে অকথ্য ভাষায় গালিগালাজ করে।

মারধরের কারণ অনুসন্ধানে জানা যায়, ওই ছাত্রী হল ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ফারজানা হাবিব লাবণ্যের অনুসারী।